গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা।

মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণ এবং অন্যান্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের বিষয়ে অনুষ্ঠিত সভার

কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৩-১১-২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | এ বিভাগের সভাকক্ষ (কক্ষ নম্বর-৮২১, ভবন নম্বর-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বক্তব্যের শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ও ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে নিহত সকল শহিদ, নির্যাতিতা সকল মা-বোন ও জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি যুগ্মসচিব (প্রশাসন)কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য আহবান জানান।

০২. যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, গত ১৪-০৭-২০২২ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়ন বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত কার্যবিবরণীর ছায়ালিপি গত ০৫-০৯-২০২২ তারিখে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ২৭-০৯-২০২২ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ছায়ালিপি গত ২৩-১০-২০২২ তারিখে আওতাধীন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়।

০৩. তিনি আরো জানান যে, উক্ত ০২টি সভার সিদ্ধান্তের আলোকে মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে অনুষ্ঠেয় সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রম যান্ত্রিক বহরের মাধ্যমে তুলে ধরার জন্য অংশগ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যক্রম সংক্রান্ত একটি পত্র গত ২৬-১০-২০২২ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে এ বিভাগ কর্তৃক মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে অনুষ্ঠেয় সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট নির্ধারণ করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। এছাড়া যান্ত্রিক বহর প্রদর্শনীর সময় ধারাবর্ণনা দেয়ার জন্য ০১ মিনিটের লিখিত ধারাবর্ণনা (বাংলা ও ইংরেজি) প্রেরণের জন্য দপ্তর/সংস্থায় পত্র দেয়া হয়েছে এবং যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণরে জন্য বিগত বছরের ন্যায় ০২টি ভালোমানের ট্রাক সরবরাহ ও ট্রাকের চালক/রিজার্ভ চালক/হেলপার/মেকানিক এর তথ্যাদি প্রেরণের জন্য বিআরটিসিকে পত্র দেয়া হয়েছে।

০৪. বিস্তারিত আলোচনার পর মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা উত্তোলন ও অবনমন | বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং উহার আওতাধীন সকল অফিসে জাতীয় পতাকা উত্তোলন এবং অবনমন করতে হবে। | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং ফোকাল পয়েন্ট (সকল) |
| ২. | ধারাবর্ণনা প্রস্তুত ও প্রেরণ | প্রতি বছরের ন্যায় এ বছরও যান্ত্রিক বহর প্রদর্শনীর সময় উপস্থাপক কর্তৃক উন্নয়ন কর্মকান্ডের বিবরণ তুলে ধরার জন্য বাংলা ও ইংরেজীতে ধারাবর্ণনা প্রস্তুত করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/৯ পদাতিক ডিভিশনে দ্রুত প্রেরণ করা আবশ্যক। এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির ধারাবর্ণনা সংক্ষিপ্ত আকারে এ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি হতে ধারাবর্ণনা পাওয়ার পর চূড়ান্ত করে সমন্বিত আকারে আগামী ০৮ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও ৯ পদাতিক ডিভিশনে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট (সকল) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩. | যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণ | যান্ত্রিক বহরে ডিসপ্লেতে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড ও সাফল্য তুলে ধরা হয়। এছাড়া বিভিন্ন পোস্টার, ব্যানার ইত্যাদির মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম আকর্ষণীয়ভাবে উপস্থাপন করা হয়। ফোকাল পয়েন্টগণ স্ব স্ব অফিসের ছবিসহ তথ্য সওজ এর ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ করবেন। সভাপতি জানান যে, যান্ত্রিক বহরে প্রদর্শনের জন্য ট্রাকের পরিবর্তে বড় সাইজের লরি ব্যবহার করতে হবে। এছাড়া লরি সজ্জিতকরণের সময় সামনের অংশ মেট্রোরেলের আদলে, পিছনের অংশ বিআরটিসি বাসের আদলে, উপরের অংশে কালনা সেতু, পাশে সম্প্রতি উদ্বোধনকৃত সেতু ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত স্লোগানের পাশাপাশি এ বিভাগের উন্নয়ন কার্যক্রম সংশ্লিষ্ট স্লোগান এবং দৃশ্যমান স্থানে জাতির পিতা, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় মন্ত্রীর ছবি ব্যবহার করতে হবে। সওজ এর ফোকাল পয়েন্ট লরি সজ্জিতকরণের বিষয়ে ডিজাইন প্রস্তুতসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। উন্নয়ন কর্মকান্ডের যে সকল থীম নিয়ে লরি সুসজ্জিত করা হবে, তার ডিজাইন সভাপতিকে দেখাতে হবে এবং চূড়ান্তকৃত ডিজাইন অনুযায়ী লরি সজ্জিত করতে হবে। এ বিভাগের উপসচিব জনাব ফারজানা জেস্‌মিন, সিনিয়র সহকারী সচিব জনাব টিনা পাল, সিনিয়র সহকারী সচিব জনাব মো: মাখজানুল ইসলাম তৌহিদ এবং সিনিয়র সহকারী সচিব জনাব আব্দুল্লাহ আল মাসুদ লরির যাত্রী হিসেবে অংশগ্রহণ করবেন। | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং ফোকাল পয়েন্ট (সকল) |
| ৪. | এসবি পাশ সংগ্রহের নিমিত্ত তথ্যাদি প্রেরণ | এসবি পাশ সংগ্রহের নিমিত্ত যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণকারী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ, লরির চালক, রিজার্ভ চালক, কারিগর ও হেলপার এর নাম, ঠিকানা, পাসপোর্ট সাইজের ছবিসহ অন্যান্য তথ্যাদি এসবি অফিসে প্রেরণ করতে হবে। স্ব স্ব ফোকাল পয়েন্টগণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, লরির চালক, রিজার্ভ চালক, কারিগর ও হেলপার এর নাম, ঠিকানা, পাসপোর্ট সাইজের/স্ট্যাম্প সাইজের ছবি ও অন্যান্য তথ্যাদি এ বিভাগে দ্রুত প্রেরণ করবেন। | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং ফোকাল পয়েন্ট (সকল) |
| ৫. | অনুশীলন ও কুচকাওয়াজে অংশগ্রহণ | যান্ত্রিক বহরে ব্যবহৃত গাড়ীসমূহের চালক শুরু থেকে শেষ পর্যন্ত একই ব্যক্তি হতে হবে। যান্ত্রিক বহরে অংশগ্রহণকারী যানবাহনসমূহ, চালক, রিজার্ভ চালক, কারিগর, হেলপার এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে সকল অনুশীলন ও কুচকাওয়াজে প্যারেড গ্রাউন্ডে উপস্থিত থাকতে হবে। গাড়ি চালানোর ক্ষেত্রে যাতে কোন সমস্যার সৃষ্টি না হয়, সে জন্য দক্ষ ড্রাইভার দ্বারা গাড়ি চালাতে হবে এবং বিকল্প ড্রাইভার প্রস্তুত রাখতে হবে। | সওজ অধিদপ্তর, বিআরটিসি এবং ফোকাল পয়েন্ট |
| ৬. | যানবাহনের ফিটনেস সংক্রান্ত সনদ প্রদান | যান্ত্রিক বহরে অংশগ্রহণকারী লরির মান ভাল হতে হবে। অনুষ্ঠানস্থলে বন্ধ হবার আশংকা আছে এবং কালো ধোঁয়া বের হয় এমন লরি নেয়া যাবে না। সিএনজি চালিত লরি প্রদর্শনীতে রাখা যাবে না। এ বিভাগের লরির বিষয়ে বিআরটিএ হতে ফিটনেস সার্টিফিকেট নিতে হবে। যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের যানবাহনের ফিটনেস সংক্রান্ত সনদ বিআরটিএ হতে যতদ্রুত সম্ভব প্রদান করতে হবে। | সওজ অধিদপ্তর, বিআরটিএ ও ফোকাল পয়েন্ট |
| ৭. | সুসজ্জিত যানবাহন হস্তান্তর | মন্ত্রণালয়/বিভাগের যান্ত্রিক বহরসমূহ আগামী ১০ ডিসেম্বরের মধ্যে প্রস্তুত করতে হবে এবং ১১ ডিসেম্বর ২০২২ হতে অনুশীলনে অংশগ্রহণ করবে। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ হতে যান্ত্রিক বহরে একটির বেশি যানবাহন অংশগ্রহণ করতে পারবে না। সুসজ্জিত যানবাহন চূড়ান্ত কুচকাওয়াজের জন্য অবশ্যই আগামী ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে। | সওজ অধিদপ্তর এবং ফোকাল পয়েন্ট |
| ৮. | ঢাকা-সাভার স্মৃতিসৌধ সড়ক সংস্কার/মেরামত | ঢাকা-সাভার স্মৃতিসৌধ সড়ক সংস্কার/মেরামত ও ডিভাইডার রং করণ এবং সড়কের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ঢাকা হতে সাভার স্মৃতিসৌধ পর্যন্ত সড়কে সকল ধরণের তোরণ, ব্যানার, ফেস্টুন ও পোস্টার রাখা যাবে না। | সওজ অধিদপ্তর ও ফোকাল পয়েন্ট |
| ৯. | আলোকসজ্জা এবং জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির অফিস ভবন/স্থাপনাসহ উহার আওতাধীন সকল অফিস এবং সওজ অধিদপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক/সড়কদ্বীপ, ফ্লাইওভার, ফুটওভার ব্রীজ, টোল প্লাজা ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে জাকজমকপূর্ণভাবে আলোকসজ্জা করতে হবে এবং জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করতে হবে। | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং ফোকাল পয়েন্ট (সকল) |
| ১০. | মাঠ পর্যায়ে কর্মসূচিতে অংশগ্রহণ | প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার স্থানীয় কর্মকর্তাগণ'কে উপস্থিত থাকতে হবে। স্থানীয় কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা স্ব স্ব অফিস প্রদান করবে। | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং ফোকাল পয়েন্ট (সকল) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১১. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন | মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারীকৃত সকল নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং ফোকাল পয়েন্ট (সকল) |

০৫. সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
৩.১১.২০২২
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.১৯-১৩৪৮

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯ / ০৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
০৮. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
০৯. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিঃ, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৩. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪. জনাব বিষ্ণু কুমার সরকার, পরিচালক (প্রশাসন), বিআরটিসি, মতিঝিল, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
১৫. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা।
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৭. জনাব এস, এম, রেজাউল করিম, পরিচালক (প্রশাসন), ডিটিসিএ, নগর ভবন, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
১৮. জনাব ফারজানা জেস্‌মিন, উপসচিব (রক্ষণাবেক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৯. জনাব মোহাম্মাদ আব্দুর রাজ্জাক, উপপরিচালক (প্রশাসন), বিআরটিএ, বনানী, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
২০. জনাব মোসাঃ মৌসুমী হাবিব, উপ-প্রকল্প পরিচালক (গণসংযোগ), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
২১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২২. জনাব টিনা পাল, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২৩. জনাব মোঃ মাখজানুল ইসলাম তৌহিদ, সিনিয়র সহকারী সচিব (বৈদেশিক সহায়তা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২৪. জনাব আব্দুল্লাহ আল মাসুদ, সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২৫. নির্বাহী প্রকৌশলী, সওজ, ঢাকা সড়ক বিভাগ, বনানী, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
২৬. জনাব মোঃ সাইফুল ইসলাম, কোম্পানি সচিব, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিঃ, উত্তরা, ঢাকা ও ফোকাল পয়েন্ট।

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সঃমেঃ ই-১/সঃমেঃই-২
ডাইরি নং ৪৮১
তারিখ ০৮/১১/22

০৩/১১/২০২২
(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৯০৪০০
ই-মেইল: sasadmin@rthd.gov.bd